গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
সাধারণ শাখা
www.munshiganj.gov.bd

মুন্সীগঞ্জ জেলা 'সামাজিক-সম্প্রীতি কমিটি'র সভার কার্যবিবরণী

সভাপতি	মো: আবুজাফর রিপন বিপিএএ জেলা প্রশাসক
সভার তারিখ	২০ আগস্ট ২০২৩
সভার সময়	সকাল ১১:০০ টা
স্থান	সম্মেলন কক্ষ (২১৬), জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। সভাপতি আসন্ন শারদীয় দুর্গাপূজা অসাম্প্রদায়িক চেতনায় উদ্‌যাপন করার লক্ষ্যে সকল ধর্ম, শ্রেণি পেশা নির্বিশেষে সকলকে এগিয়ে আসার আহ্বান করেন। সভাপতি উপস্থিত কমিটির সকল সদস্যগণকে সামাজিক-সম্প্রীতি বজায় রাখার বিষয়ে সুচিন্তিত মতামত প্রদানের জন্য আহবান জানান।

সভায় বিস্তারিত আলোচনান্তে মুন্সীগঞ্জ জেলায় সামাজিক-সম্প্রীতি বজায় রাখার লক্ষ্যে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

ক্রমিক	আলোচ্য বিষয়	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে
০১	সামাজিক-সম্প্রীতি সম্পর্কে প্রচার-প্রচারণা	মসজিদ, মন্দির, গির্জা, প্যাগোডাসহ সকল উপাসনালয়ে জনসচেতনতামূলক কার্যক্রম বৃদ্ধি আন্তঃধর্মীয় সম্পর্ক, অসাম্প্রদায়িক চেতনা ও সামাজিক বন্ধনকে সুসংহত রাখাসহ ধর্মীয় উগ্রবাদ, জঙ্গীবাদ, সহিংসতা ও সন্ত্রাসবাদকে প্রতিহত করার প্রয়োজনীয় বাণী প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মুন্সীগঞ্জ ২। সভাপতি, হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ঐক্য পরিষদ, মুন্সীগঞ্জ
০২	আসন্ন দুর্গাপূজা উপলক্ষ্যে সামাজিক-সম্প্রীতি রক্ষা	আসন্ন দুর্গাপূজা ২০২৩ উপলক্ষ্যে জেলায় যাতে সামাজিক-সম্প্রীতি বিনষ্ট না হয় সেদিকে সজাগ দৃষ্টি রাখতে হবে এবং কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে।	কমিটির সকল সদস্যবৃন্দ
০৩	শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের উদ্বুদ্ধকরণ	শিক্ষক-শিক্ষার্থী সম্প্রীতি বজায় রাখাসহ সামাজিক সম্প্রীতি রক্ষার্থে কাউন্সেলিংসহ অন্যান্য অনুষ্ঠানে ব্যাপক প্রচারের উদ্যোগ নিতে হবে।	১। জেলা শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, মুন্সীগঞ্জ
০৪	ওয়ার্ড ভিত্তিক প্রচার-প্রচারণা	মুন্সীগঞ্জ সংশ্লিষ্ট পৌর এলাকার প্রত্যেকটি ওয়ার্ডে সামাজিক-সম্প্রীতি জনসচেতনতামূলক বাণী বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। মেয়র, মুন্সীগঞ্জ পৌরসভা ২। মেয়র, মিরকাদিম পৌরসভা

০৫	জনপ্রতিনিধিদের ভূমিকা	সমগ্র জেলাকে ইয়াবা, মানবপাচার ও মাদকের ভয়াল থাবা থেকে রক্ষার জন্য পুলিশ বিভাগ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও জনপ্রতিনিধিগণ একত্রে কাজ করবেন।	১। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ ২। সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মুন্সীগঞ্জ ৩।জনপ্রতিনিধিগণ (সকল), মুন্সীগঞ্জ
০৬	সুশীল সমাজের ভূমিকা	সামাজিক সম্প্রীতি বজায় রাখার জন্য ইতিবাচক মনোভাব নিয়ে সুশীল সমাজকে এগিয়ে আসতে হবে। সম্প্রীতি বজায় জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে।	কমিটির সকল সদস্যবৃন্দ
০৭	বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের প্রতিনিধিদের করণীয়	বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানের প্রধানগণ নিজ নিজ ধর্মীয় নামাজ/দোয়া/প্রার্থনা শেষে সামাজিক সম্প্রীতির গুরুত্ব সম্পর্কে আলোকপাত করবেন।	১। উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, মুন্সীগঞ্জ ২। সভাপতি, হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ঐক্য পরিষদ, মুন্সীগঞ্জ
০৮	প্রিন্ট ও ইলেকট্রনিক মাধ্যম কর্মীদের ভূমিকা	সামাজিক সম্প্রীতি বিনষ্ট হয় এমন সংবাদ প্রচার হতে বিরত থাকবেন এবং এ সম্পর্কিত সংবাদ প্রচারের ক্ষেত্রে বিশেষ সর্তকতা অবলম্বন করবেন।	সভাপতি/সম্পাদক, প্রেসক্লাব মুন্সীগঞ্জ
০৯	জেলা তথ্য অফিসের ভূমিকা/করণীয়	সামাজিক-সম্প্রীতি নিয়ে ব্যাপক প্রচারণা, ধর্মীয় উৎসব সমূহ ভাবগাম্ভীর্য ও উৎসাহ উদ্দীপনার মাধ্যমে ব্যানার, ফেস্টুন এবং লিফলেট সহকারে প্রচারণার ব্যবস্থা করা।	জেলা তথ্য অফিসার, মুন্সীগঞ্জ
১০	সংস্কৃতিজনদের ভূমিকা	নাটক/গান/কবিতা ও মঞ্চ অভিনয় এর মাধ্যমে সামাজিক-সম্প্রীতির গুরুত্ব তুলে ধরবেন।	১। জেলা কালচারাল অফিসার, মুন্সীগঞ্জ ২। সভাপতি, সম্মিলিত সাংস্কৃতিক জোট, মুন্সীগঞ্জ
১১	রেডিও টেলিভিশনে প্রচার	বিভিন্ন ধর্মের/শ্রেণির/ পেশার মানুষের মাঝে সামাজিক-সম্প্রীতির গুরুত্ব তুলে ধরে রেডিও টেলিভিশনে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	জেলা তথ্য অফিসার, মুন্সীগঞ্জ
১২	সাম্প্রদায়িক সম্প্রীতির গুরুত্ব শীর্ষক আনুষ্ঠান আয়োজন	জেলা পর্যায়ের বিভিন্ন প্রতিষ্ঠানের (শিল্পকলা একাডেমি, শিশু একাডেমি) মাধ্যমে সাম্প্রদায়িক সম্প্রীতির গুরুত্ব শীর্ষক আনুষ্ঠান আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১. সভাপতি, সম্মিলিত সাংস্কৃতিক জোট, মুন্সীগঞ্জ ২. জেলা কালচারাল অফিসার, মুন্সীগঞ্জ ৩. জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, মুন্সীগঞ্জ
১৩	সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধ	ক) গুজবের বিষয়ে সতর্কতা অবলম্বনসহ সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের বিষয়ে কঠোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। খ) সামাজিক যোগাযোগ মাধ্যম ব্যবহারের ক্ষেত্রে অভিভাবক পর্যায় থেকে সন্তানের আচার-আচরণ, চাল-চলনের প্রতি সর্তক দৃষ্টি রাখতে হবে। অভিভাবক সচেতনতা বৃদ্ধি ও সম্মিলিত প্রতিরোধ চেষ্টা অব্যাহত রাখতে হবে।	কমিটির সকল সদস্য

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে কমিটির সদস্যগণকে যথাযথভাবে দায়িত্ব পালনের আহবান জানান এবং জেলায় সামাজিক-সম্প্রীতি রক্ষার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬-০৯-২০২৩
মো: আবুজাফর রিপন বিপিএএ
জেলা প্রশাসক
০২৯৯৭৭৩১১০০
dcmunshiganj@mopa.gov.bd

তারিখ: ২২ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
০৬ Sep ২০২৩ খ্রিস্টাব্দ

নম্বর: ০৫.৩০.৫৯০০.২০৪.০৬.০০২.২২.৭০৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। .....মাননীয় সংসদ সদস্য, মুন্সীগঞ্জ..... ও উপদেষ্টা, জেলা সামাজিক-সম্প্রীতি কমিটি, মুন্সীগঞ্জ;
২। বিভাগীয় কমিশনার, ঢাকা;
৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, মুন্সীগঞ্জ;
৪। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ;
৫। ....., মুন্সীগঞ্জ;
৬। জেলা কর্মকর্তা (সকল), মুন্সীগঞ্জ এবং
৭। ....., সদস্য, মুন্সীগঞ্জ জেলা সামাজিক-সম্প্রীতি কমিটি, মুন্সীগঞ্জ।।

০৬-০৯-২০২৩
মো: আবুজাফর রিপন বিপিএএ
জেলা প্রশাসক